# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Minor/Cor 3rd Semester Examination, 2024-25

## BNGMIN303T/BNGCOR303T-BENGALI

### বাংলা শিশু ও কিশোর পাঠ্য সাহিত্য

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়) ১০×৪ = ৪০

**একক – ১**

(ক) বাংলা শিশু সাহিত্যে অবনীন্দ্রনাথের সৃষ্টিসত্তার অনন্যতার দিকগুলি নির্দেশ করো। ১০

**অথবা**

(খ) বাংলা শিশুসাহিত্যের ধারায় সুকুমার রায়ের অভিনব ভূমিকার পরিচয় দাও। ১০

**একক – ২**

(গ) একদিকে সমাজচিত্রের উল্লাস, অন্যদিকে উপকথার আশ্চর্য জগৎ —দুয়ের সম্মিলনে উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর 'টুনটুনির বই' অনন্য। — আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) 'বোকা জোলা আর শিয়ালের কথা' — রূপকথার মতোই সুখী পরিসমাপ্তি নিয়ে আমাদের মনে একধরনের স্বস্তির জন্ম দেয়। — মন্তব্যটির যথার্থতা নির্ণয় করো। ১০

**একক – ৩**

(ঙ) অবনীন্দ্রনাথ 'রাজকাহিনী' গ্রন্থের প্রতিটি গল্পে কথা দিয়ে ছবি এঁকেছেন। — দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

**অথবা**

(চ) 'হিন্দুস্থানের ফুল' পদ্মিনীর আত্মদানের কাহিনি 'রাজকাহিনী'র 'পদ্মিনী' গল্পকে কীভাবে ট্র্যাজিক সংবেদনের গাঢ় বর্ণে রঞ্জিত করেছে তার পরিচয় দাও। ১০

**একক – ৪**

(ছ) 'পদিপিসীর বর্মিবাক্স' বাঙালির ছেলেবেলাকে অনাবিল হাস্যরসে পুষ্ট করেছে। — গল্পটি অনুসরণে হাসির উপাদানগুলির উপযোগিতা বিচার করো। ১০

**অথবা**

(জ) পদিপিসীর বর্মিবাক্স উদ্ধারের চমকপ্রদ আকর্ষণীয় কাহিনিটি লিপিবদ্ধ করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করোঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দের মধ্যে) ৫×২ = ১০

(ক) টীকা লেখোঃ ঠাকুরমার ঝুলি ৫

(খ) 'নরহরি দাস' গল্প অনুসরণে ছাগলছানার বুদ্ধিমত্তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

(গ) 'আজ হতে তোমার নাম হল — একলিঙ্গকা দেওয়ান।' — এ কথা কে, কাকে বলেছেন ? বক্তার সংক্ষিপ্ত পরিচয় দাও। এই নামকরণের উপলক্ষ কী ছিলো ? ১+২+২

(ঘ) 'আমার মনের ভিতর যে সিংহ গর্জন করছে।'
— কোন্ প্রসঙ্গে, কার এই উক্তি ? এ ধরনের উক্তির কারণ নির্দেশ করো। ২+১+২

——×——